# কীভাবে একটি ‘ক্লিন ক্যাচ’ [Clean Catch] প্রস্রাব নমুনা সংগ্রহ করবেন

**শিশু এবং ছোট বাচ্চাদের জন্য।**


## ‘ক্লিন ক্যাচ’ [Clean Catch] পদ্ধতি

**1**




নমুনা সংগ্রহের আগে এবং পরে সাবান ও পানি দিয়ে আপনার হাত ভালোভাবে ধুয়ে নিন।

**2**




পাত্রটির ঢাকনা খুলে একটি পরিষ্কার স্থানে রাখুন, যাতে ঢাকনার ভেতরের দিকটি ওপরে থাকে।

**3**



যাদের পায়খানা-প্রস্রাবের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে [টয়লেট-ট্রেইনড] এমন শিশুদের ক্ষেত্রে,
শিশু যখন প্রস্রাব করবে, তখন আপনি এমনভাবে অবস্থান নিন যাতে তার প্রস্রাবের কিছু অংশ পাত্রে সংগ্রহ করা যায়। প্রথম দিকের কয়েক ফোঁটা প্রস্রাব এড়িয়ে চলুন এবং প্রস্রাবের মাঝের অংশটুকু সংগ্রহ করুন। পাত্রটি উপচে না পড়ে যতটুকু সম্ভব ততটুকু প্রস্রাব দিয়ে পূর্ণ করুন, অথবা পাত্রে কোনো নির্দিষ্ট দাগ থাকলে সেই দাগ পর্যন্ত পূরণ করুন।


**4**



অনেক শিশু এবং ছোট বাচ্চা দুধ বা পানি পান করার কিছুক্ষণের মধ্যেই প্রস্রাব করে। খাওয়ানোর পর এক ঘণ্টার মধ্যে শিশু যখন ডায়াপার ছাড়া থাকে, তখন নমুনা সংগ্রহের চেষ্টা করতে পারেন।

- পাত্রটি প্রস্তুত রাখুন এবং শিশুর ডায়াপার খুলে ফেলুন। তাদের যৌনাঙ্গ পরিষ্কার করুন এবং শুকিয়ে নিন।
- শিশুকে একটি ধোয়া যায় এমন কাপড় বা প্যাডের ওপর শুইয়ে দিন এবং সতর্কতার সাথে লক্ষ্য রাখুন।
- যখন শিশু প্রস্রাব করতে শুরু করে, তখন পাত্রটিকে তাদের ত্বক থেকে দূরে ধরে রাখুন এবং কিছুটা প্রস্রাব সংগ্রহ করুন।

**5**



ঠান্ডা ও ভেজা গজ বা তুলা দিয়ে শিশুর সুপ্রাপিউবিক এলাকা [suprapubic area] (পেটের সবচেয়ে নিচের অংশ, মাঝখানে)আলতো করে ঘষলে তারা প্রস্রাব করতে উৎসাহিত হতে পারে।

**6**



নমুনা সংগ্রহ করা হয়ে গেলে সাথে সাথে পাত্রের ঢাকনাটি লাগিয়ে দিন এবং ভালোভাবে আটকে দিন।

**7**



প্রস্রাব সংগ্রহের জন্য প্যাড, তুলা, গজ বা অন্য কোনো উপকরণ ব্যবহার করবেন না, কারণ এগুলো পরীক্ষার ফলাফলে প্রভাব ফেলতে পারে।

## সাধারণ বিষয়সমূহ।

- নমুনা সংগ্রহের আগে **শিশুর যৌনাঙ্গ পরিষ্কার করুন ও শুকিয়ে নিন।**
- **যেকোনো প্রস্রাবের নমুনা সংগ্রহের আগে এবং পরে অবশ্যই** সাবান ও পানি দিয়ে আপনার হাত ভালো করে ধুয়ে নিন।
- **নমুনা সংগ্রহের জন্য প্রস্তুত না হওয়া পর্যন্ত জীবাণুমুক্ত পাত্রটি খুলবেন না।**
- **পাত্রের ভেতরের অংশ স্পর্শ** করা থেকে বিরত থাকুন এবং শিশুর যৌনাঙ্গ যেন পাত্রের কোনো অংশকে স্পর্শ না করে সেদিকে খেয়াল রাখুন।
- আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী যদি বলে থাকেন, তবে নমুনা **সংগ্রহের আগেই পাত্রটিতে লেবেল লাগিয়ে নিন।**

### সারসংক্ষেপ তথ্য

**ক্লিন-ক্যাচ [Clean-catch] প্রস্রাবের নমুনা কী?**

'ক্লিন-ক্যাচ' [clean-catch] প্রস্রাবের নমুনা হলো এমন একটি সংগ্রহ পদ্ধতি, যেখানে প্রস্রাব সরাসরি পাত্রে গৃহীত হয় এবং তা শিশুর ত্বক, যৌনাঙ্গ বা অন্য কোনো বাহ্যিক পৃষ্ঠের সংস্পর্শ এড়িয়ে সংগ্রহ নিশ্চিত করা হয়।

**আমাকে কেন 'ক্লিন-ক্যাচ' [clean-catch] প্রস্রাবের নমুনা দিতে হবে?**

এই পদ্ধতিটি শরীরের বাইরের জীবাণুকে প্রস্রাবে প্রবেশ করতে বাধা দেয়, যার ফলে পরীক্ষার ফলাফল আরও নির্ভুল হয়।

**আমি কি বাড়ির কোনো বোতল বা পাত্র ব্যবহার করতে পারি?**

নমুনা সংগ্রহের জন্য আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে যে পাত্রটি দিয়েছেন, সেটিই ব্যবহার করুন।

**আমি কখন প্রস্রাবের নমুনা সংগ্রহ করছি, তা কি গুরুত্বপূর্ণ?**

সেরা মানের নমুনা পাওয়ার জন্য আপনার অ্যাপয়েন্টমেন্টের সময়ের যত কাছাকাছি সম্ভব নমুনা সংগ্রহ করার চেষ্টা করুন। শিশুকে অ্যান্টিবায়োটিক খাওয়ানোর আগেই নমুনাটি সংগ্রহের চেষ্টা করুন।

## প্রস্রাবের নমুনা জমা দেওয়ার টিপস।

**নমুনাটি দ্রুত জমা দিন।** যত দ্রুত সম্ভব, আদর্শগতভাবে দুই ঘণ্টার মধ্যে এটি আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে নিয়ে যান।

**নমুনাটি ঠান্ডা রাখুন।**
যদি নমুনাটি দ্রুত জমা দিতে না পারেন, তবে সেটিকে একটি প্লাস্টিকের ব্যাগে ভরে ফ্রিজে রাখুন যতক্ষণ না আপনি তা জমা দিতে পারছেন।

**নমুনা জমা দেওয়ার সময়সূচী দেখে নিন।**
নমুনাটি যাতে সেই একই দিনে ল্যাবে পৌঁছাতে পারে, সেজন্য ল্যাবে নমুনা জমা দেওয়ার সর্বশেষ সময়টি জেনে নিন।

**বিশেষ জীবাণুমুক্ত পাত্র ব্যবহার করুন।**
কিছু পাত্রে প্রিজারভেটিভ পাউডার থাকে এবং এতে কতটুকু নমুনা নিতে হবে, তার একটি নির্দিষ্ট দাগ থাকে। পাত্রের দাগ পর্যন্ত পূর্ণ করার চেষ্টা করুন, তবে তা সম্ভব না হলে, যতটুকু সম্ভব প্রস্রাব সংগ্রহ করুন।

**আরও তথ্যের জন্য এখানে স্ক্যান করুন।**

© ক্রাউন কপিরাইট [ Crown copyright] ২০২৬। সংস্করণ ১। প্রকাশিতঃ জুলাই ২০২৬। সংশোধনের তারিখঃ জুলাই ২০২৯। এই নথিটি স্বাস্থ্যসেবা প্রদানকারী, রোগী এবং পেশাদার চিকিৎসা সংস্থাগুলোর যৌথ উদ্যোগে তৈরি করা হয়েছে। TARGET [টার্গেট] স্বাস্থ্যসেবা সংক্রান্ত এই প্রকল্পটি ইউকে হেলথ সিকিউরিটি এজেন্সি [UK Health Security Agency] দ্বারা পরিচালিত হয়।